Mr. F. M. Halliday, Magistrate and Collector of Gya, is appointed to act as Opium Agent of Benares during the absence, on leave, of Mr. H. Rivett-Carnac, or until further orders.

[*Government Gazette*, 29*th August* 1876.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেন্ট।

২০৩২ C.S. নম্বর।

সাধারণ।—১৮৭৬ সাল ২ আগষ্ট।—মেদিনীপুরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত হর্ব্বর্ট হোপ রিসলী সাহেব, বি, এ, ২৪ পরগনায় সেই পদে প্রেরিত হইলেন।

শ্রীযুত রিসলী সাহেব আপন কর্ম্মাতিরিক্ত কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরীর কর্ম্ম করিবেন।

চট্টগ্রামের কমিশ্যনর শ্রীযুত ই, ই, লোইস সাহেব যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৩ আগষ্ট।—চট্টগ্রামের কমিশ্যনর সাহেবের স্বকীয় একটিং আসিষ্টান্ট শ্রীযুত বাবু নবীনচন্দ্র সেন, বি, এ, সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৫ আগষ্ট।—শ্রীযুত জি, ই, পোর্টর সাহেব, সি, এস, সারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন। কিন্তু শ্রীযুত ই, ড্রমণ্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সারণ ও চাম্পারণের ডিষ্ট্রিকট ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

বগুড়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সি, এফ, মাগ্রাথ সাহেব ১৮৭৬ সালের ২০ আগষ্ট অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত সি, এফ, মাগ্রাথ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মুরশিদাবাদের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, উইটমোর সাহেব বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাপ্রসাদ চট্টোপাধ্যায়, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ২২ তারিখ অবধি বিয়াল্লিশ দিন ছুটী পাইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, এস, আনুক্র সাহেব মুরশিদাবাদে অবস্থিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—শ্রীযুত ই, ই, লৌইস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, স্মিথ সাহেব চট্টগ্রাম খণ্ডের কমিশ্যনরের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এ, স্মিথ সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পুরণিয়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, জে, লাইবসে সাহেব যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৭ আগষ্ট।—বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর, ডি, হাইম সাহেব এই মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত আর, ডি, হাইম সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মেদিনীপুরের জরীপীকার্য্যের পদজ্যেষ্ঠ একটিং সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, এস, বীডন সাহেব, বি, এ, আপন কর্ম্মাতিরিক্ত বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৮ আগষ্ট।—যশোহরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, ডি, সি, উইন্টর সাহেব মুঙ্গেরে প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ১৯ আগষ্ট।—বাণারসের আফীনের এজেন্ট শ্রীযুত এচ, রিবেট কর্ণাক সাহেব আগামি মাসের ৭ তারিখঅবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এচ, রিবেট কর্ণাক সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা হওন পর্য্যন্ত গয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ, এম, হালিডে সাহেব বাণারসের আফীনের এজেন্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২৯ আগষ্ট।]

The 21st August 1876.—Mr. J. Pratt, Officiating Joint-Magistrate and Deputy Collector, Mymensingh, is allowed leave for ten days, under Clause 1, Chapter VII of the Civil Leave Code, with effect from the 4th October next, to enable him to attend the examination for High Proficiency in Bengali to be held in Calcutta in that month.

The 22nd August 1876.—Mr. C. F. E. Allen, Lecturer on English Law in the Presidency College, is allowed leave for fourteen days, under Section 3—1, Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he was relieved of his duties as an Acting Judge of the Calcutta Small Cause Court.

POLICE.—*The 12th August* 1876.—Mr. A. H. James, District Superintendent of Police, Chittagong Hill Tracts, is allowed leave for one month, under Section 3, Supplement F of the Civil Leave Code, with effect from the 21st July last.

Mr. E. M. Showers, Assistant Superintendent of Police, Chittagong Hill Tracts, is appointed to act as District Superintendent of Police, Chittagong Hill Tracts, during the absence, on leave, of Mr. A. H. James, or until further orders, with effect from the date on which he joined that appointment.

The 16th August 1876.—Mr. A. V. Knyvett, Assistant Superintendent of Police, is allowed leave for one month and twenty-nine days, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 20th instant.

Baboo Nobo Kristo Ghose, a First Grade Inspector of the Bengal Police, is appointed to act temporarily, until further orders, as an Assistant Superintendent of Police.

The 22nd August 1876.—Mr. H. Bayley, Officiating Assistant Superintendent of Police, is posted to the district of Sarun.

REGISTRATION.—*The 16th August* 1876.—Baboo Abinash Chunder Mittra is appointed to be Special Sub-Registrar of Rungpore, *vice* Baboo Denobundhoo Sandyal, resigned.

The 17th August 1876.—Baboo Soshi Bhusan Mookerjee is appointed to be Rural Sub-Registrar of Foronbari, in the district of Rungpore, *vice* Baboo Bepin Mohun Shebanovis, transferred to the Sub-Registry Office at Gobindgunge, in that district.

Moulvi Syed Abdul Hakim is appointed to be Rural Sub-Registrar of Kurigram, in the district of Rungpore.

The 18th August 1876.—The Hon'ble the Chief Justice has been pleased to appoint Mr. J. A. Bourdillon, C.S., to be Registrar of Parsee Marriages under Act XV of 1865 within the local limits of the ordinary original civil jurisdiction of the High Court during the absence, on deputation, of Mr. H. Beverley, C.S., or until further orders.

The 22nd August 1876.—Baboo Ananda Nath Ghose is appointed to be Registrar of Marriages under Act III of 1872 in the district of Mymensingh.

EDUCATION.—*The 16th August* 1876.—The Right Hon'ble the Secretary of State for India has been pleased to grant Mr. F. J. Rowe, of the Bengal Educational Service, extension of leave for one month, under Section 15 of the Civil Leave Code.

MEDICAL.—*The 15th August* 1876.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Nurreah, in the district of Backergunge:—

Baboo Naba Coomar Dass, Pleader, Moonsif's Court, Mulfutgunge.
" Ram Charan Dutta, Post-Master, Mulfutgunge.
" Rash Mohan Chatterjee, Head-Master, Lonesingh School.

The 19th August 1876.—Assistant Surgeon Bepin Krishna Coomar is appointed to be House Surgeon in the Second Surgeon's Wards, Medical College Hospital, Calcutta, *vice* Assistant Surgeon Kaliprosunno Mookerjee, resigned.

MARINE.—*The 15th August* 1876.—The Conservator of the Port of Chittagong is appointed to be the officer in the Port of Chittagong to carry out the provisions of Sections 4, 6, and 8 of Act XIII of 1876 (an Act to amend the law relating to merchant seamen).

[*Government Gazette, 29th August* 1876.]

১৮৭৬ সাল ২১ আগষ্ট।—আগামি অক্টোবর মাসে কলিকাতায় বঙ্গভাষায় বিশেষ ব্যুৎপত্তির যে পরীক্ষা হইবে সেই পরীক্ষাতে উপস্থিত হইতে পারিবার নিমিত্তে ময়মনসিংহের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, প্রাট সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭ অধ্যায়ের ১ প্রকরণমতে ঐ মাসের ৪ তারিখ অবধি দশ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২২ আগষ্ট।—প্রেসীডেন্সী কালেজের ইংরেজী ব্যবস্থাবিদ্যার উপদেশক শ্রীযুত সি, এফ, ই, আলেন সাহেব যে তারিখে কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের স্বীয় একটিং জজের কর্ম্ম অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩-১ ধারামতে চৌদ্দ দিন ছুটী পাইয়াছেন।

পোলীসসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১২ আগষ্ট।—চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, এচ, জেমস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে গত জুলাই মাসের ২১ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এ, এচ, জেমস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, এম, সৌয়ার্স সাহেব যে তারিখে ঐ পদের কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখঅবধি চট্টগ্রামের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, বি, নিবেট সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এই মাসের ২০ তারিখঅবধি এক মাস উনত্রিশ দিন ছুটী পাইয়াছেন।

বঙ্গদেশের পোলীসের প্রথম শ্রেণীর ইনস্পেক্টর শ্রীযুত বাবু নবকৃষ্ণ ঘোষ অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কিয়ৎকালের নিমিত্তে পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২২ আগষ্ট।—পোলীসের একটিং আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ. বেলি সাহেব সারণ জিলায় অবস্থিত হইলেন।

রেজিষ্টরী করণ সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—শ্রীযুত বাবু দীনবন্ধু সান্ন্যাল কর্ম্ম-ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র রঙ্গপুরের বিশেষ সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৭ আগষ্ট।—শ্রীযুত বাবু বিপিনমোহন সেহানবীশ রঙ্গপুর জিলার অন্তর্গত গোবিন্দ-গঞ্জের সব-রেজিষ্টরী আফিসে প্রেরিত হওয়াতে তৎপরিবর্ত্তে শ্রীযুত বাবু শশীভূষণ মুখোপাধ্যায় ঐ জিলার অন্তর্গত ফোরানবাড়ির গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল হকীম রঙ্গপুর জিলার অন্তর্গত করিগ্রামের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৮ আগষ্ট।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এচ, বেবরলী. সি, এস, সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মান্যবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেব শ্রীযুত জে, এ, বুর্ডিলং সি, এস, সাহেবকে হাই কোর্টের আদৌ দেওয়ানী মোকদ্দমার সাধারণ বিচারাধিপত্য সম্পর্কীয় সীমার অন্তর্গত স্থানে ১৮৬৫ সালের ১৫ আইনমতে পারসীদের বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

১৮৭৬ সাল ২২ আগষ্ট।—শ্রীযুত বাবু আনন্দনাথ ঘোষ ময়মনসিংহ জিলায় ১৮৭২ সালের ৩ আইনমতে বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শিক্ষাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের শ্রীযুত এফ, জে, রো সাহেবকে সিবিল কার্য্য-কারকদের ছুটীর বিধির ১৫ ধারামতে আর এক মাস ছুটী দিয়াছেন।

চিকিৎসাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৫ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা বাকরগঞ্জ জিলার অন্তর্গত নরীয়ার দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

মুলফৎগঞ্জের মুনসেফী আদালতের উকীল শ্রীযুত বাবু নবকুমার দাস।
মুলফৎগঞ্জের পোষ্ট মাষ্টর শ্রীযুত বাবু রামচরণ দত্ত।
লোনসিংহ স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু রাসমোহন চট্টোপাধ্যায়।

১৮৭৬ সাল ১৯ আগষ্ট।—আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত কালীপ্রসন্ন মুখোপাধ্যায় কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বিপিনকৃষ্ণ কুমার কলিকাতার মেডিকাল কালেজ হাস্পাতালের দ্বিতীয় সর্জ্জনের ওয়ার্ডের হৌস সর্জ্জনের পদে নিযুক্ত হইলেন।

সমুদ্র সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৫ আগষ্ট।—সাওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধ-নার্থ ১৮৭৬ সালের ১৩ আইনের ৪ ও ৬ ও ৮ ধারার বিধান সফল করণার্থে চট্টগ্রামের বন্দর রক্ষক চট্ট-গ্রাম বন্দরে কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৯ আগষ্ট।]

The 22nd August 1876.—The Magistrate of Chittagong is appointed to be the officer in the Port of Chittagong to carry out the provisions of Sections 3 and 5 of Act XIII of 1876 (an Act to amend the law relating to merchant seamen).

ECONOMIC MUSEUM.—*The 22nd August* 1876.—In supersession of orders dated 2nd June 1875, published in the *Calcutta Gazette* of 16th idem, the following gentlemen are appointed to be members of the local Economic Museum Committee for the Chittagong Hill Tracts :—

Mr. E. M. Showers, Officiating District Superintendent of Police.
" A. Rattray, Deputy Magistrate.
Rajah Hurrish Chunder, Bahadoor.
Mong Rajah Naraboddi.
Bohmong Tsaneyo.
Baboo Eshan Chunder Dewan.
Mong Moraphru.
Mr. A. DeRozario, Inspector of Police.
Baboo Brojonath Shaha, Civil Medical Officer, Secretary.

MUNICIPAL.—*The 14th August* 1876.—Under Section 17 of Act V (B.C.) of 1876, the Lieutenant-Governor is pleased to appoint the District Superintendent of Police, for the time being, of the district of Bankoora to be an *ex-officio* Commissioner of the Municipalities of Bankoora and Bishenpore.

His Honor is also pleased to appoint the Senior Covenanted Assistant Magistrate, if there be one, or the Senior Uncovenanted Deputy Magistrate for the time being of Bankoora, to be an *ex-officio* Commissioner of the Municipality of Bankoora.

The 17th August 1876.—Baboo Rajendro Narain Nundy is appointed to be a Commissioner of the Hooghly and Chinsurah Municipality.

The 18th August 1876.—The Lieutenant-Governor has been pleased to accept the resignation of Baboo Jasoda Nundun Pramanick of his appointment as a Commissioner of the Municipality of Kandi, in the district of Moorshedabad.

ROAD CESS.—*The 16th August* 1876.—Baboo Shib Kissen Ghose, Zemindar of Panchthopee, is appointed to be an additional member of the Beerbhoom District Road Cess Committee.

The 21st August 1876.—The following gentlemen are appointed to be members of the District Road Cess Committee of Chumparun :—

Dr. C. Meadows, Civil Surgeon.
Mr. M. N. McLeod, Manager, Pipra Indigo Concern.

Baboo Ram Dass Banerjee is reappointed to be a member of the Branch Road Cess Committee of Ranaghat.

The 22nd August 1876.—Mr. W. R. Green, Officiating District Superintendent of Police, Pooree, is appointed to be a member of the Road Cess Committee of that district.

The following Notification is republished from the *Assam Gazette* :—

The 8th August 1876.—Privilege leave of absence for three months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, is granted to Mr. H. A. Coombs, District Superintendent of Police, Tezpur, with effect from the date on which he may avail himself of the same.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19th August 1876.—It is hereby notified that Mr. A. H. Cumberland, Assistant Sub-Deputy Opium Agent, Third Grade, is dismissed from the service of Government.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

১৮৭৬ সাল ২২ আগষ্ট।—সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৭৬ সালের ১৩ আইনের ৩ ও ৫ ধারার বিধান সফল করণার্থে চট্টগ্রামের মাজিষ্ট্রেট সাহেব চট্টগ্রাম বন্দরে কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত হইলেন।

ইকনমিক মিউসিয়ম সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২২ আগষ্ট।—১৮৭৫ সালের ২ জুনের যে আজ্ঞা ঐ মাসের ২৩ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা রহিত করিয়া নিম্নলিখিত মহাশয়দিগকে চট্টগ্রামের পার্ব্বতীয় প্রদেশের ইকনমিক মিউসিয়ম কমিটীতে নিযুক্ত করা গেল।

চট্টগ্রামের পোলীসের একটিং ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, এম, শৌয়ার্স সাহেব।

ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এ, রাট্রে সাহেব।

শ্রীযুত রাজা হরিশ্চন্দ্র বাহাদুর।

,, মোঙ্গ রাজা নরবন্দী।

,, বোহমং সানেও।

,, বাবু ঈশানচন্দ্র দেওয়ান।

,, মোঙ্গ মোরাফু।

পোলীসের ইনস্পেকটর শ্রীযুত এ, ডিরোজারীও সাহেব।

সিবিল চিকিৎসক শ্রীযুত বাবু ব্রজনাথ শাহা, সেক্রেটরী।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৪ আগষ্ট।—যিনি যে সময়ে বাঁকুড়া জিলার পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট হন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাঁহার সেই পদোপলক্ষে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১৭ ধারামতে তাঁহাকে বাঁকুড়া ও বিষ্ণুপুরের মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব, বাঁকুড়ায় পদজ্যেষ্ঠ চিহ্নিত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট থাকিলে তাঁহার কিম্বা যিনি যে সময়ে পদ জ্যেষ্ঠ অচিহ্নিত ডেপুটী মাজিষ্ট্রেট হন তাঁহার স্বপদোপলক্ষে তাঁহাকে বাঁকুড়ার মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

১৮৭৬ সাল ১৭ আগষ্ট।—শ্রীযুত বাবু রাজেন্দ্রনারায়ণ নন্দী হুগলী ও চুঁচুড়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৮ আগষ্ট।—শ্রীযুত বাবু যশোদানন্দন প্রামাণিক মুরশিদাবাদ জিলার অন্তর্গত কান্দির মুনিসিপালিটীর কমিশ্যনরের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিলেন।

পথকর বিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—পাঁচতপির জমীদার শ্রীযুত বাবু শিবকৃষ্ণ ঘোষ বীরভুম জিলার পথকর কমিটীর অতিরিক্ত মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২১ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা চাম্পারণ জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত সি, মেডোস সাহেব।

পিপরার নীলকুঠীর কার্য্যাধ্যক্ষ শ্রীযুত এম, এন, মাকলৌড সাহেব।

শ্রীযুত বাবু রামদাস বন্দ্যোপাধ্যায় রাণাঘাটের শাখা পথকর কমিটীতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২২ আগষ্ট।—পুরীর পোলীসের একটিং ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, আর, গ্রীন সাহেব ঐ জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

১৮৭৬ সাল ৮ আগষ্ট।—তেজপুরের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, এ, কুম্‌স্ সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইলেন।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৯ আগষ্ট।—আফীনের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এ, এচ, কম্বরলাণ্ড সাহেব গবর্ণমেণ্টের কর্ম্মচ্যুত হইলেন এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

এচ, জে, রেনল্‌ডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৯ আগষ্ট।]

NOTIFICATION.

The 16th August 1876.—The Lieutenant-Governor of Bengal has been pleased to sanction the undermentioned transfer from thana Baumnee to thana Fenny (formerly called Ameergaon), in the district of Noakholly, and to declare that the following shall be the revised boundaries of those thanas, in modification of the boundaries defined by the notification dated 19th May 1875, and published in the *Calcutta Gazette* of the 2nd June following:—

THANA FENNY (FORMERLY CALLED AMEERGAON).

On the north, the boundaries shall be as declared in the notification dated 19th May 1875, from the village of Rughoonathpore, &c., to that of Gilabariya Kismut; whence—

On the north-east and east, by thana Chagulnaya* as far south as the junction of the Mohuree and the Fenny rivers; then, on the east, the Fenny river down to Ramnarain Chur; thence—

* The boundaries of thana Chagulnaya were described at page 632 of the *Calcutta Gazette* of the 2nd June 1875, Part I.

On the south and west, the Little Fenny river as far north as the village of Arbarkhil Kismut; then the boundary shall remain as defined in the notification of the 19th May 1875, up to the village of Roghoonathpore, &c.

THANA BAUMNEE.

On the east, the Sundeep channel and the Fenny river, northward to the junction of the latter with the Little Fenny river; whence by thana Fenny as above described, up to the village of Parbatee Chur Kismut; thence—

On the north, west and south, the boundaries shall remain as declared in the notification of the 19th May 1875.

The villages mentioned below, and situated east of the Little Fenny river, are hereby transferred from thana Baumnee to thana Fenny:—

No.	Names of Villages.	Pergunnahs.	Thakbust numbers.	No.	Names of Villages.	Pergunnahs.	Thakbust numbers.
1	Shahabhikaree	Dandra ...	101		Shatbariya Chur, &c. ...	Joogdiya ...	32
	Mahee Chur	Ditto ...	102		Khoaz Chur	Ditto ...	93
	Bakharya Kismut	Ditto ...	90		Sh ojapore	Ditto ...	31
	Shatbariya	Ditto ...	89		Shahapore	Ditto ...	30
5	Darbesh hur	Joogdiya ...	100	15	Shahapore Chur	Ditto ...	29
	Chandiya Chur Kismut ...	Ditto ...	94	16	Shonapore, &c.	Ditto ...	28
	Khoazer Namchee Chur Kismut	Ditto ...	95		Churkhally	The pergunnah name and thakbust number of this village are not available for record from survey data.	
	Ramnarain Chur	Ditto ...	96				
	Talatolee Kismut, &c. ...	Ditto ...	91				
10	Ganesh Chur, &c.	Ditto ...	92				

NOTE.—In the above list the names given are those of the villages as demarcated and surveyed by the revenue survey establishments, and as shewn on their maps and records.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 22nd August 1876.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for urgent sanitary purposes and filling up of a foul tank in the village of Rampore Haut, pergunnah Kowarprotap, zillah Moorshedabad, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 3 beeghas 12 cottahs and 14 chittacks of standard measurement, bounded on the north by a bazar road leading to the Bengal Police Station; on the south by the East Indian Railway Company's "C" class land; on the east by a range of huts, lying on the western side of the Chonicktolla Road and Bettae tank of Rampore Haut village; and on the west by the Railway Company's Road and Railway Barracks, is required within the aforesaid village of Rampore Haut.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 29th August* 1876.]

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব নওয়াখালী জিলার অন্তর্গত বামনী থানার সামিল নিম্নলিখিত সকল গ্রাম ফেণী (পূর্ব্ব নাম আমীর গাঁ) থানা ভুক্ত হইবার অনুমতি করিলেন। ও ১৮৭৫ সালের ১৯মের যে জ্ঞাপনপত্র ঐ সালের জুন মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় তন্নির্দ্দিষ্ট ঐ২ থানার সীমা মতান্তর করিয়া নিম্নলিখিত সংশোধিত সীমা প্রকাশ করিবার আজ্ঞা করিয়াছেন।

ফেণী (পূর্ব্ব নাম আমীর গাঁ) থানা।

উত্তর সীমা, রঘুনাথপুর প্রভৃতি গ্রাম অবধি গিলাবাড়িয়া কিসমৎ পর্য্যন্ত যে সীমা ১৮৭৫ সালের ১৯ মের বিজ্ঞাপনে প্রকাশ করা গিয়াছে তাহাই হইবে, তথাহইতে,—

উত্তর-পূর্ব্ব ও পূর্ব্ব সীমা দক্ষিণদিগে মহুরী ও ফেণী নদীর সংযোগ স্থান পর্য্যন্ত চাগলনয়া * থানা, পরে পূর্ব্ব সীমা রামনারায়ণ চর পর্য্যন্ত ফেণী নদী। তথাহইতে,

* চাগলনয়া থানার সীমা ১৮৭৫ সালের ৮ জুনের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৬৬৭ পৃষ্ঠায় নির্দ্দিষ্ট হইয়াছে।

দক্ষিণ ও পশ্চিম সীমা উত্তরদিগে আরবার খীল কিসমৎ গ্রাম পর্য্যন্ত ছোট ফেণী নদী, পরে রঘুনাথপুর প্রভৃতি গ্রাম পর্য্যন্ত যে সীমা ১৮৭৫ সালের ১৯ মের জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়াছে তাহাই থাকিবে।

বামনী থানা।

পূর্ব্ব সীমা, উত্তরদিগে ফেণী নদীর সহিত ছোট ফেণী নদীর সংযোগ স্থানপর্য্যন্ত সন্দ্বীপ খাড়ী ও ফেণী নদী, তথাহইতে পার্ব্বতী চর কিসমৎ গ্রাম পর্য্যন্ত উপরোক্ত ফেণী থানা। তথাহইতে,—

উত্তর ও পশ্চিম ও দক্ষিণ সীমা ১৮৭৫ সালের ১৯ মের জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট সীমা হইবে।

ছোট ফেণী নদীর পূর্ব্বদিকস্থ নিম্নলিখিত সকল গ্রাম এতদ্দ্বারা বামনী থানাহইতে ফেণীথানাভুক্ত করা গেল।

নম্বর	গ্রামের নাম	পরগনা	থাকবস্তের নম্বর।	নম্বর	গ্রামের নাম	পরগনা	থাকবস্তের নম্বর।
১	শাহাভিকারী	দাঁদড়া ...	১০১		সাতবাড়িয়া চর প্রভৃতি	যুগদয়া ...	৩২
	মাহীচর	ঐ ...	১০২		খোয়াজ চর	ঐ ...	৯৩
	বাখারিয়া কিসমৎ ...	ঐ ...	৯০		সুজাপুর	ঐ ...	৩১
	সাতবাড়িয়া	ঐ ...	৮৯		শাহাপুর	ঐ ...	৩০
৫	দ্বারবেশ চর	যুগদিয়া	১০০	১৫	শাহাপুর চর	ঐ ...	২৯
	চণ্ডীয়া চর কিসমৎ ...	ঐ ...	৯৪	১৬	সোণাপুর, প্রভৃতি ...	ঐ ...	২৮
	খোয়াজের নামচী চর কিসমৎ	ঐ ..	৯৫		চরখালি	এই গ্রামের পরগনার নাম ও থাকবস্তের নম্বর রেকার্ডের নিমিত্তে জরীপী কাগজপত্রে পাওয়া যাইতে পারে না।	
	রামনারায়ণ চর	ঐ ...	৯৬				
	টালাটুলী কিসমৎ প্রভৃতি	ঐ ..	৯১				
১০	গণেশ চর প্রভৃতি ...	ঐ ...	৯২				

মন্তব্য।—রাজস্বের জরীপী কার্য্যের কর্ম্মকারকেরা চিহ্ন দিয়া জরীপ করিয়া মানচিত্রে ও রিকার্ডে যে২ গ্রামের যে২ নাম দিয়াছেন উপরোক্ত নির্ঘণ্টপত্রে সেই২ নাম দেওয়া গেল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২২ আগষ্ট।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ত্বরায় স্বাস্থ্যরক্ষার্থকার্য্যপক্ষে মুরশিদাবাদ জিলার অন্তর্গত কুমার প্রতাপ পরগনার রামপুরহাট গ্রামে ময়লা পুষ্করিণী ভরাট করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত রামপুরহাট গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ৩।।২৸৶ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা বাঙ্গাল পোলীস থানায় যাইবার বাজারের পথ, দক্ষিণ সীমা ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির "C" শ্রেণীর ভূমি পূর্ব্ব, সীমা রামপুরহাট গ্রামের চনিকটোলা পথের ও বেটাই পুষ্করিণীর পশ্চিম দিগস্থ বাঙ্গলা ঘর শ্রেণী, পশ্চিম সীমা রেলওয়ে কোম্পানির পথ, ও রেলওয়ে বারিক।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২৯ আগষ্ট।]

JUDICIAL DEPARTMENT.

No. 2033C.S.

The 15*th August* 1876.—The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Rungpore, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz.—

Baboo Pudma Lochan Shaha, of Chak Gaispore, Jotedar.
" Rash Mohan Mundal, of Rasalpore, Jotedar.
" Jago Mohan Potdar, of Belka, Nowabgunge, Jotedar.

The 16*th August* 1876.—The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Gya, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz.—

Mr. C. Harrison, Sub-Deputy Opium Agent.
Baboo Jugal Kishore Lall, Banker.
" Bhopsain Sing, Government Pleader.
" Balkishun Doss, Merchant.
" Bhuwan Lall, Dhakri Gywal.
Syed Afzal Ali, Zemindar.
Baboo Dullichand, ditto.
" Dirgopal Lall, ditto.
" Toral Narayan Sing, ditto.

The 21*st August* 1876.—The name of Mr. A. L. Webster is removed from the list of Honorary Magistrates in Chittagong.

The Lieutenant-Governor has been pleased to accept the resignation tendered by Mr. J. R. Rainey of his appointment as an Honorary Magistrate in Jessore.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The* 16*th August* 1876.—Moulvi Ali Ahmed, Moonsif of Sitakoond, in the district of Chittagong, is allowed privilege leave for three months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 18th September 1876.

The 17*th August* 1876.—Baboo Krista Dhun Chowdry, Moonsif of Beergunge, in the district of Dinagepore, is allowed privilege leave under Section 21, Chapter VI of the Civil Leave Code, for the Dusserah vacation.

Baboo Chunder Prosunno Dutto, Moonsif of Balasore, in the district of Cuttack, is allowed privilege leave under Section 21, Chapter VI of the Civil Leave Code, for the Dusserah vacation.

The 18*th August* 1876.—Baboo Kedar Nath Mozoomdar, Additional Moonsif of Burrisaul, in the district of Backergunge, is allowed privilege leave for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 18th September 1876.

Baboo Dwarka Nath Ghose, Moonsif of Dinagepore, is allowed privilege leave for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 17th September 1876.

The 19*th August* 1876.—Baboo Khetter Mohun Mookerjee, Moonsif of Kishnaghur, in the district of Nuddea, is allowed privilege leave for three months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 1st of October 1876.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18*th August* 1876.—In continuation of the notification dated the 24th ultimo, published in the *Calcutta Gazette* of the 26th idem, it is hereby notified that the Lieutenant-Governor has been pleased to grant licenses to the following gentlemen authoriz-

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২০৩৩C.S. নম্বর।

১৮৭৬ সাল ১৫ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা রঙ্গপুর জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

চক গয়েসপুরের যোতদার শ্রীযুত বাবু পদ্মলোচন শাহা।

রসলপুরের যোতদার শ্রীযুত বাবু রাসমোহন মণ্ডল।

নবাবগঞ্জের অন্তর্গত বেলকার যোতদার শ্রীযুত বাবু জগন্মোহন পোদ্দার।

১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা গয়া জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি, হারিসন সাহেব।

বণিক শ্রীযুত বাবু যুগলকিশোর লাল।

গবর্ণমেণ্টের উকীল শ্রীযুত বাবু ভুপসাঁই সিংহ।

সওদাগর শ্রীযুত বাবু বালকৃষ্ণ দাস।

ধাকরি গয়াল শ্রীযুত বাবু ভুঁয়ান লাল।

জমীদার শ্রীযুত সৈয়দ আফজল আলী।

ঐ ,, দল্লীচাঁদ বাবু।

ঐ ,, বাবু দির্গোপাল লাল।

ঐ ,, বাবু তোরাল নারায়ণ সিংহ।

১৮৭৬ সাল ২১ আগষ্ট।—চট্টগ্রামের অবৈতনিক মাজিষ্ট্রেটদের নাম নির্ঘণ্টহইতে শ্রীযুত এ, এল, ওয়েবষ্টর সাহেবের নাম উঠাইয়া দেওয়া গেল।

শ্রীযুত জে, আর, রেইনী সাহেব যশোহরের স্বীয় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিলেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—চট্টগ্রাম জিলার অন্তর্গত সীতাকুণ্ডের মুনসেফ শ্রীযুত মৌলবী আলী আহম্মদ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের ১৮ সেপ্টেম্বর অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৭ আগষ্ট।—দিনাজপুর জিলার অন্তর্গত বীরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণধন চৌধুরী সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুর্গোৎসবের বন্দে অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

কটক জিলার অন্তর্গত বালেশ্বরের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুর্গোৎসবের বন্দে অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৮ আগষ্ট।—বাকরগঞ্জ জিলার অন্তর্গত বরিশালের আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু কেদারনাথ মজুমদার সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১৮ অবধি দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু দ্বারকানাথ ঘোষ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের ১৭ সেপ্টেম্বর অবধি দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৯ আগষ্ট।—নদীয়া জিলার অন্তর্গত কৃষ্ণনগরের মুন্সেফ শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৮ আগষ্ট।—গত মাসের ২৪ তারিখের যে জ্ঞাপনপত্র এই মাসের ১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তদতিরিক্ত এতদ্দ্বারা এই সম্বাদ দেওয়া গেল। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নলিখিত মহাশয়দিগকে লাইসেন্স দিয়া নিম্নলিখিত টেবিলের চতুর্থ ঘরে

ing them to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a Mahomedan Registrar, within the limits of the police thanas or outposts entered in the fourth column of the table below, opposite to their respective names :—

District.	Sub-division.	Registration sub-district.	Outpost or thana comprising Mahomedan Registrar's jurisdiction.	Head-quarters.	Name of Mahomedan Registrar.
Noakholly ...	Bhulloah ...	Lakhmipura ...	Farashgunge, in thana Lukhmipura.	Farashganj	Moulvi Obedullah.*
	Ditto ...	Ditto ...	Raypura, in thana Lukhmipura.	Raypura	" Fazlul Huq.
	Ditto ...	Begumgunge ...	Senbagh, in thana Begumgunge.	Senbagh	" Mofuzzolur Rahman.
	Ditto ...	Sundip ...	Char Siddhi, in thana Sundip.	Char Siddi	Syud Fazlul Karim.
	Ditto ...	Hatiya ...	Nulchera, in thana Hatiya.	Nulchera	Moonshee Aminuddin Ahmed.
	Fenny ...	Fenny ...	Silania, in thana Fenny	Silania	" Abdul Halim.
	Ditto ...	Mirsarai ...	Fenny, in thana Mirsarai.	Fenny	" Mahomed Aslam.
	Ditto ...	Fenny ...	Thana Fenny ...	At Sub-divisional head-quarters.	Mofizuddin Ahmed.

* Formerly appointed to thana Fenny.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 17th August 1876.—Under Section 7 of the Indian Registration Act VIII of 1871, the Lieutenant-Governor is pleased to appoint Syed Abdul Hakim to be the Rural Sub-Registrar of Kurigram, to be paid by commission at the rate of 75 per cent. of the fees that he may realize. These arrangements will take effect on and from the 1st proximo.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 11th August 1876.—The Lieutenant-Governor is pleased to direct the substitution of the following rules for rules 95 and 105 of the rules regulating labour transport under Act VII (B.C.) of 1873. The new rules will come into operation three months after the date of first publication in the *Calcutta Gazette* :—

Rule 95.—The roof of every vessel shall be strong, water-tight, and not less than five feet in height at its junction with the stanchions on either side. If of corrugated iron, the roof must not only be lined or thatched with matting, &c., as a protection against heat, but on steamers must also be fitted either with sky-lights or ridge ventilators, which shall have a ventilating area of not less than ten superficial feet to every 100 statute adult emigrants accommodated on board, and shall be so constructed as to exclude rain and allow the free escape of heated air.

Rule 105.—In order to prevent the heat of the funnel from raising the temperature of the emigrants' deck, in all steamers in which the space immediately over the engines, &c., is neither excluded and railed off from the coolie deck, nor ventilated above by sky-lights or other means, that portion of the funnel between the coolie deck and the roof shall be enclosed at a distance of at least 18 inches all round by a strong wooden air-shaft or casing, which shall be carried through the deck at the lower end, and through the roof at the upper, so as to afford free exit above the roof for the body of warm air immediately surrounding the funnel.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

তাঁহাদের নামের পার্শ্বলিখিত পোলীস থানার ও ফাঁড়ির এলাকার অন্তর্গত স্থানে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিস্টরী করিবার ক্ষমতা ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

জিলা।	মহকুমা।	রেজিষ্টরী করণের সব-ডিষ্ট্রিক্ট।	যে২ থানা বা ফাঁড়ি লইয়া মুসলমান রেজিষ্ট্রারের এলাকা হইবে তাহা।	সদর মোকাম।	মুসলমান রেজিষ্ট্রারের নাম।
নওয়াখালী	ভুলুয়া ...	লক্ষ্মীপুরা ...	লক্ষ্মীপুরা থানার অন্তর্গত ফরাশগঞ্জ	ফরাশগঞ্জ ...	শ্রীযুত মৌলবী ওবেদুল্লা*
	ঐ ...	ঐ ...	লক্ষ্মীপুরা থানার অন্তর্গত রাইপুরা	রাইপুরা ...	,, ,, ফজলুল হক্।
	ঐ ...	বেগমগঞ্জ ...	বেগমগঞ্জ থানার অন্তর্গত সেনবাগ	সেনবাগ ...	,, ,, মফুজলর রহমান।
	ঐ ...	সন্দ্বীপ ...	সন্দ্বীপ থানার অন্তর্গত চরসিদ্ধি	চরসিদ্ধি ...	,, সৈয়দ ফজলুল করিম।
	ঐ ...	হাতিয়া ...	হাতিয়া থানার অন্তর্গত নলচিরা	নলচিরা ...	,, মুন্‌শী আমীমুদ্দীন আহম্মদ।
	ফেণী ...	ফেণী ...	ফেণী থানার অন্তর্গত সিলানিয়া	সিলানিয়া ...	,, ,, আবদুল হালিম।
	ঐ ...	মির সরাই ...	মিরসরাই থানার অন্তর্গত ফেণী	ফেণী ...	,, ,, মহম্মদ ইস্‌লাম।
	ঐ ...	ফেণী ...	থানা ফেণী ...	মহকুমার সদর স্থানে	,, মফিজুদ্দিন আহম্মদ।

*পূর্ব্বে ফেণী থানায় নিযুক্ত ছিলেন।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৭ আগষ্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৭ ধারামতে শ্রীযুত সৈয়দ আবদুল হকিমকে করিগ্রামের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন, রেজিষ্টরী করিয়া যত টাকা ফী আদায় হইবে তাহাহইতে তিনি শতকরা ৭৫৲ টাকার হিসাবে কমিশ্যন্ পাইবেন। আগামি মাসের ১ তারিখ অবধি এই নিয়ম চলিবে।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১১ আগষ্ট।—১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইনমতে মজুরদিগকে চালানকরণবিষয়ক যে২ বিধি হইয়াছিল, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহার ৯৫ ও ১০৫ ধারার পরিবর্ত্তে এই২ ধারা পাঠ করিতে আজ্ঞা করিয়াছেন। এই নূতন বিধি যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি তিন মাস গত হইলে প্রচলিত হইবে।

৯৫ ধারা। প্রত্যেক নৌকাদির ছাদ অতি শক্ত করিয়া এমন করা যাইবে যেন তাহাতে জল চুইতে না পারে, ও দুই পার্শ্বের যে২ স্থানে থামে বদ্ধ থাকে, সেই২ স্থানে ঐ ছাদ পাঁচ ফুটের কম উচ্চ হইবে না। ঢেউ খেলান লৌহের ছাদ হইলে, রৌদ্রের তাপ না লাগিবার নিমিত্ত তাহার নীচে কি উপরে দর্ম্মা লাগাইয়া দিতে হইবে ও কলের জাহাজ হইলে, ঐ ছাদে ফুকর কি ছাদের উপরিভাগে বাতাস খেলিবার এমত ফাক রাখিতে হইবে যেন আইনমতে যাহাদিগকে বয়ঃপ্রাপ্ত মজুর বলা যায়, তাহাদের যত জন জাহাজে লওয়া যায় ১০০ জন প্রতি বাতাস খেলিবার দশ ফুট ফুকর থাকে ও তাহা এমন করিতে হইবে যেন বৃষ্টির জল আসিতে না পায় ও গরম বায়ু বাহির হইতে পারে।

১০৫ ধারা। মজুরেরা যে তুতকে থাকে ফনেলের তাপ দ্বারা সেই তুতক গরম হইয়া না উঠে এই কারণে যে জাহাজে কল প্রভৃতির উপরিস্থ ফাঁকা স্থান মজুরদের তুতক হইতে স্বতন্ত্র ও গরাদিয়া দ্বারা পৃথক না করা যায় ও উপরিভাগে ফুকর করিয়া কি অন্য প্রকারে বাতাস খেলিবার উপায় না থাকে, সেই জাহাজে ফনেলের যে অংশ মজুরদের তুতকের ও ছাদের মধ্যে থাকে তাহার চতুর্দ্দিগে ঐ ফনেল হইতে ন্যূনকল্পে ১৮ ইঞ্চি অন্তর স্থানে কাষ্ঠের অতি শক্ত নল কি বেড়া দিতে হইবে, তাহার নিম্নভাগ তুতকে বসান যাইবে; উপরিভাগ ছাদের বাহিরে উঠিবে। তাহা হইলে ফনেলের চতুর্দ্দিগে যে তপ্তবায়ু থাকে তাহা উপরে উঠিয়া অবাধে নির্গত হইবে।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৯ আগষ্ট।]

The 19th August 1876.—The following revised rules for the registration of Mahomedan marriages and divorces, approved by the Lieutenant-Governor under date the 24th May 1876, are published for general information :—

Revised Rules under sections 18 *and* 24 *of Act I* (*B.C.*) *of* 1876 (*an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces*).

Nomination of Mahomedan Registrars.

1. As soon as the Act has been extended to any district under section 1, the District Registrar shall nominate a sufficient number of persons to be licensed as Mahomedan Registrars under section 3. He shall also specify the limits within which each of the persons so nominated shall exercise the functions of Mahomedan Registrar.

Form of application.

2. The District Registrar's nomination shall be submitted to the Inspector-General of Registration, and shall be accompanied by the original application of each nominee in the form below, and also by a certificate of good moral character signed by three Mahomedan gentlemen of known respectability and position, and countersigned by the District Magistrate :—

Application for a Mahomedan Registrarship under Act I of 1876 (*an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces*) *at*
thana *district of*

Name (in English) and usual signature of candidate; date of application, and address in full.	Age.	Profession or present employment of candidate, with present salary or pension.	Father's name and profession.	Present family residence of candidate.	Distance of residence from proposed Registry Office and Sudder Station.	Whether candidate has a masonry house for office.	If previously employed under Government, details of past service; if ever dismissed from any post, particulars of the fact.	Names and addresses of persons recommending the candidate.	Whether candidate can write Arabic, Persian, Urdu, Bengali, and English.	Whether candidate is acquainted with Mahomedan law, and holds a certificate from any Government Madrassa.	Remarks of District Officer or Inspector-General of Assurances, which, if favourable, may include the thanas to form the jurisdiction.	REMARKS.
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13

Who may be nominated.

3. In the selection of Mahomedan Registrars, preference shall ordinarily be given to ex-kazis and Government pensioners, being Mahomedans, who reside, or are willing to reside, at a convenient place within the limits of the proposed jurisdiction; but no person shall be appointed a Mahomedan Registrar merely by reason of some supposed hereditary right. A Sub-Registrar of Assurances may be nominated as Mahomedan Registrar, provided he be a Mahomedan and is otherwise qualified.

Jurisdiction.

4. The limits within which a Mahomedan Registrar shall be licensed to act shall for the present coincide with the limits of a sub-district under the Indian Registration Act, or with the jurisdiction of a police-station. The head-quarters shall be at some convenient place within those limits.

5. The District Registrar's nomination, with the accompanying applications and certificates, shall be forwarded to Government by the Inspector-General of Registration with his remarks and recommendation.

[*Government Gazette, 29th August* 1876.]

১৮৭৬ সাল ১৯ আগষ্ট।—মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার এই সংশোধিত বিধি ১৮৭৬ সালের মে মাসের ২৪ তারিখে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবকর্ত্তৃক অনুমোদিত হওয়াতে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।—

মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ১৮ ও ২৪ ধারামত সংশোধিত বিধি।

মুসলমান রেজিষ্ট্রারদিগকে পসন্দ করণের কথা।

১। উক্ত আইন ১ ধারামতে কোন জিলায় চলন হইলেই, ৩ ধারামতে মুসলমান রেজিষ্ট্রার বলিয়া যাঁহাদিগকে লাইসেন্স দেওয়া যাইতে পারিবে এমত যত জনের দরকার হয় ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার সাহেব তাঁহাদের নাম লিখিয়া দিবেন ও যে২ ব্যক্তিকে পসন্দ করেন তাঁহারা যে২ এলাকার মধ্যে মুসলমান রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন সেই২ এলাকাও খোলাসা করিয়া লিখিবেন।

দরখাস্ত লিখিবার ডৌলের কথা।

২। ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার সাহেব যে পত্রে তাঁহাদের নাম লেখেন সেই পত্রখানি রেজিষ্টরী কার্য্যের ইনস্পেক্টর জেনরল সাহেবের নিকট পাঠান যাইবে। ও যাঁহাদের নাম লেখা গেল তাঁহাদের প্রত্যেক জনের আসল দরখাস্ত নীচের লিখিত ডৌলে লেখা গিয়া এবং তাঁহাদের নেক চলনের বিষয়ে তিন জন মাতবর ও ইজ্জৎদার মুসলমান লোকদের দস্তখৎ করা ও জিলার মাজিষ্ট্রেট সাহেবের আড়সহী করা একখানি সর্টিফিকট ঐ পত্রের সহিত পাঠান যাইবে।

মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের ১ আইনমতে ——— জিলার———থানায় মুসলমান রেজিষ্টরী পদ পাইবার নিমিত্ত দরখাস্ত।

দরখাস্তকারির নাম (ইঙ্গরেজী হরফে), ও তিনি সচরাচর যে রকমে নাম লিখিয়া থাকেন সেই রকমে তাঁহার নাম সহী ও দরখাস্তের তারিখ ও তাঁহার সম্পূর্ণ ঠিকানা।	বয়স।	দরখাস্তকারির এইক্ষণে যে পেশা কি যে কর্ম্ম থাকে ও যত মাহিয়ানা কি পেনশ্যন পান।	বাপের নাম ও পেশা।	এইক্ষণে তাঁহার পরিবার সহিত যে ঠিকানায় বাস করেন।	তাঁহার ঘর প্রস্তাবিত রেজিষ্টরী আফিসহইতে ও সদর মোকাম হইতে যত দূর।	কাছারী করিবার নিমিত্ত দরখাস্তকারির পাকা ঘর আছে কি না।	যদি পূর্ব্বে গবর্ণমেন্টের নিকট কোন কর্ম্ম করিয়া থাকেন তবে সেই কর্ম্মের শহরওয়ার তফসীল। কোন কর্ম্মইহতে বরতরফ হইয়া থাকিলে তাহারও বয়ান।	যাঁহারা দরখাস্তকারিকে শোপারিশ দেন তাঁহাদের নাম ও ঠিকানা।	দরখাস্তকারী আরবী, পারসী, উর্দ্দু, বাঙ্গলা ও ইংরাজী লিখিতে পারেন কি না।	দরখাস্তকারী মহমদীয় ফেকা জানেন কি না ও গবর্ণমেন্টের কোন মাদ্রাসাইহইতে সর্টিফিকট হাসিল করিলেন কি না।	জিলার কর্ত্তৃপক্ষ সাহেব কি দলীল দস্তাবেজের ইনস্পেক্টর জেনরল সাহেব তাঁহার বিষয়ে আপনার যে মতলব লেখেন এবং ঐ মতলব দরখাস্তকারির সপক্ষ হইলে তাঁহার এলাকা যে২ থানায় থাকিবে তাহাও লেখা যাইতে পারিবে।	মন্তব্য কথা।
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

যাঁহাদিগের নাম লেখা যাইতে পারিবে তাঁহাদের কথা।

৩। মুসলমান রেজিষ্ট্রারদিগকে পসন্দ করিতে গেলে, যাঁহারা সাবেক কাজী ছিলেন তাঁহাদিগকে ও যাঁহারা গবর্ণমেন্টের পেনশ্যনদার হইয়া প্রস্তাবিত এলাকার সীমার মধ্যে কোন মনাসিব স্থানে থাকেন, কি থাকিতে রাজী হন, তাঁহারদিগের নাম সচরাচর আর সকলের আগে লেখা যাইবে। কিন্তু কোন ব্যক্তির খেয়ালী কোন মৌরূসী হক আছে বলিয়া তাঁহাকে মুসলমান রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করা যাইবে না। দলীল দস্তাবেজের সব-রেজিষ্ট্রার মুসলমান ও অন্য২ প্রকারে লায়েক হইলে মুসলমান রেজিষ্ট্রারের পদ পাইবার জন্যে তাঁহারও নাম লেখা যাইতে পারিবে।

এলাকার কথা।

৪। ভারতবর্ষীয় রেজিষ্টরী করণবিষয়ক আইনমতে সব-ডিষ্ট্রিকটের যে সীমা আছে মুসলমান রেজিষ্ট্রার এক্ষণকার মতে সেই সীমার মধ্যে কিম্বা পোলীস থানার এলাকার সীমার মধ্যে কর্ম্ম করিবার লাইসেন্স পাইতে পারিবেন। তাঁহার সদর স্থান ঐ সীমার মধ্য কোন মুনাসিব স্থানে হইবে।

৫। ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার সাহেব যে ব্যক্তিদের নাম লিখিয়া দেন তাঁহাদের সেই নামের পত্রখানি ও তাঁহাদের দরখাস্ত ও সর্টিফিকট রেজিষ্টরী কার্য্যের ইনস্পেক্টর জেনরল সাহেবের নিকট পাঠান গেলে তিনি আপনার মন্তব্য কথা ও সোপারিস লিখিয়া তাহা গবর্ণমেন্টে পাঠাইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২৯ আগষ্ট।]

6. Should such a course appear expedient hereafter, all Mahomedan Registrars who may have been appointed under these rules, and all future applicants for licenses, shall be liable to examination in the following subjects :—

Liability to examination.

(1) Arabic and vernacular of the district.
(2) Mahomedan law of marriage and divorce.
(3) Act I of 1876 (B.C.), and the rules.

And if any person who has been appointed a Mahomedan Registrar fail to pass such examination, his license will be liable to be cancelled. Such examination may be held at such times and places, and by such examiners, as the Lieutenant-Governor may from time to time appoint.

Form of license.

7. Licenses to qualified persons who have been approved of as Mahomedan Registrars will be granted in the following form :—

License under Section 3, *Act I* (*B.C.*) *of* 1876.

To

of

Calcutta, the 187 .

BY virtue of the authority conferred upon His Honor the Lieutenant-Governor of Bengal by Act I (B.C.) of 1876, you are hereby authorized to register, in the manner prescribed by the above Act, all Mahomedan marriages and divorces which shall be effected within on application being made to you for such registration.

2. It will be your duty carefully to observe the provisions of the above-mentioned Act, and such rules as may from time to time be prescribed by His Honor the Lieutenant-Governor, in pursuance of the power conferred upon him by the above Act.

3. This license shall continue in force until it is revoked or suspended by the said Lieutenant-Governor of Bengal.

By order of His Honor the Lieutenant-Governor of Bengal,

Secretary to the Government of Bengal.

Registration of license.

8. When a Mahomedan Registrar desires to give up his license, or is about to leave the place or district in which he has exercised the functions of Mahomedan Registrar, he shall report the circumstances through the District Registrar to the Inspector-General of Assurances for the orders of Government.

Change of officers.

9. When a Mahomedan Registrar makes over charge of his office to a licensed successor, a certificate shall be jointly given for the date on which the office is made over, and of the safety and correctness of the records ; and this certificate shall be forwarded by the District Registrar to the Inspector-General.

Leave.

10. Mahomedan Registrars shall not be entitled to leave as of right under the rules in force for Government servants. The District Registrar may, however, grant leave in cases of urgency, but no leave exceeding one month shall be granted without the previous sanction of the Inspector-General. All leave shall be at once reported to that officer, together with the arrangements made for carrying on the duties of the Mahomedan Registrar.

11. In cases of leave or absence from duty, the next nearest Mahomedan Registrar shall ordinarily be appointed to carry on the duties of the absentee in addition to his own.

Not entitled to pension.

12. It is not intended that service as a Mahomedan Registrar shall count as Government service, so as to give rise to any claim for pension or gratuity, or to leave allowances of any kind ; but it is not intended by this to preclude the appointment of Sub-Registrars or retired Government servants to be Mahomedan Registrars.

[*Government Gazette*, 29*th August* 1876.]

৬। ইহার পরে উচিত বোধ হইলে, এই বিধিমতে যে মুসলমান রেজিষ্ট্রারদিগকে নিযুক্ত করা যায় ও পরে যাঁহারা লাইসেন্স পাইবার দরখাস্ত করেন তাঁহাদের এই২ বিষয়ের ইমতিহান দিতে হইবে।

ইমতিহান দিতে পারিবার কথা।

(১) আরব্বী ও জিলার চলিত ভাষায়।

(২) মুসলমানদের বিবাহ ও তালাকের ফিকাতে।

(৩) ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনে ও তাহার বিধিতে।

কোন ব্যক্তি মুসলমান রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলে পর সেই ইমতিহান ভালরূপে না দিতে পারিলে, তাঁহার লাইসেন্স বাতিল হইতে পারিবে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়ে২ যে২ স্থান ও যে২ সময় ও যে২ ব্যক্তিকে মুমতহেন নিরূপণ করেন সেই২ স্থানে সেই২ সময়ে ও সেই২ ব্যক্তির দ্বারা ইমতিহান লওয়া যাইবে।

৭। মুসলমান রেজিষ্ট্রারের পদ পাইবার লায়েক বলিয়া যে২ ব্যক্তিদিগকে মঞ্জুর করা যায় তাঁহাদিগকে নীচের লিখিত ডৌলের লাইসেন্স দেওয়া যাইবে।

লাইসেন্স লিখিবার ডৌলের কথা।

১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামত লাইসেন্স। কলিকাতা ১৮৭—তাং—

—স্থানবাসি শ্রী— প্রতিআগে,

১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইন দ্বারা বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল তাহার শক্তিক্রমে তোমার প্রতি এই অনুমতি দেওয়া গেল যে, ফলানা স্থানের মধ্যে মুসলমানদের যে বিবাহ কি তালাক হয় তোমার নিকট তাহা রেজিষ্টরী করিবার দরখাস্ত হইলে তুমি উক্ত আইনের বিধানমতে তাহা রেজিষ্টরী করিবা।

২। উক্ত আইনের যে২ বিধান আছে এবং মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের প্রতি উক্ত আইনের যে২ ক্ষমতা দেওয়া গেল তিনি সেই২ ক্ষমতানুসারে সময়ে২ যে২ বিধি করেন, সেই সকল বিধান ও বিধিতে তোমার মনোযোগ করিয়া কর্ম্ম করিতে হইবে।

৩। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যত দিন এই লাইসেন্স বাতিল না করেন কি মৌকুফ না রাখেন তত দিন চলিতে থাকিবে।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

৮। মুসলমান রেজিষ্ট্রার সাহেব আপনার লাইসেন্স ত্যাগ করিতে চাহিলে কিম্বা যে স্থানে কি যে জিলায় মুসলমান রেজিষ্ট্রারের কর্ম্ম করিয়াছেন সেই স্থান কি জিলা-হইতে উঠিয়া যাইতে মনে করিলে, তিনি সেই বিষয়ে গবর্ণমেন্টের হুকুম পাইবার জন্যে ডিষ্ট্রিকট রেজিষ্ট্রার সাহেবের মারফৎ দলীল দস্তাবেজের ইনস্পেক্টর জেনরল সাহেবকে ঐ কথা জানাইবেন।

লাইসেন্স ত্যাগ করিবার কথা।

৯। যে ব্যক্তি লাইসেন্স পাইয়াছেন কোন মুসলমান রেজিষ্ট্রার সাহেব তাঁহার প্রতি আপনার কর্ম্মের ভার সোপর্দ্দ করিলে ঐ দুই জন মিলিয়া ঐ তারিখের সর্টিফিকট এবং দলীল সকল সালামত ও বেখটকা আছে ইহার সর্টিফিকট লিখিয়া দিবেন। ডিষ্ট্রিকট রেজিষ্ট্রার সাহেব ইনস্পেক্টর জেনরল সাহেবের নিকট ঐ সর্টিফিকট পাঠাইবেন।

কর্ম্মকারকদের বদলি হইবার কথা।

